দৈনিক জনকণ্ঠ

২৩।৭।২০০৩
তারিখ ... ... ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

# জসীম উদদীন হলে ছাত্রলীগ ক্যাডারদের ফাঁকা গুলিবর্ষণ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস পরিস্থিতি ক্রমেই ভারি হয়ে উঠছে। গত রবিবার গভীর রাতে বিশ্ববিদ্যালয়ের জসীম উদদীন হলে ছাত্রলীগ ক্যাডাররা ফাঁকা গুলিবর্ষণ করেছে। ছাত্রলীগ ক্যাডাররা হলে সশস্ত্র অবস্থানের কথা জানান দিতে এই গুলিবর্ষণ করেছে বলে সূত্র জানিয়েছে। তত্ত্বাবধায়ক সরকারের সময়ে ছাত্রদলকে মোকাবিলা করতে ছাত্রলীগের দুর্দিনের নেতাকর্মীরা যারা অভিমান করে দূরে সরে গিয়েছিল তারা আবার ক্যাম্পাসে আসতে শুরু করেছে।

সপ্তাহখানেক ধরে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে থমথমে পরিবেশ বিরাজ করছে। দেশের প্রধান দু'টি ছাত্র সংগঠনের মধ্যে সম্ভাব্য সংঘর্ষের আশঙ্কায় ক্যাম্পাসের বাতাস ভারি হয়ে উঠেছে। কর্তৃপক্ষ নিরাপত্তা ব্যবস্থা জোরদার করেছে। ছাত্রলীগ কেন্দ্রীয় কমিটির তত্ত্বাবধানে বিশেষ প্রস্তুতিতে বেশ দুর্বলতার কথা জানা গেছে। তবে হল পর্যায়ের নেতারা তাদের সামর্থ্য অনুযায়ী সাময়িক প্রস্তুতি নিয়ে রেখেছে। ছাত্রলীগ কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক এবং বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক ছাড়া কেন্দ্রীয় কমিটির যুগ্ম সম্পাদকদ্বয়সহ বেশ কয়েকটি সম্পাদকীয় পদের গুরুত্বপূর্ণ নেতারা নীরব ভূমিকা পালন করছেন। এই কারণে হল পর্যায়ের নেতারা কোনরকম গাইড লাইন ছাড়া যখন-তখন দু'এক রাউন্ড গুলি ফোটাচ্ছে। জাতীয়তাবাদী ছাত্রদলের এক বিশেষ বৈঠকে সোমবার সংগঠনের ছয় ক্যাডারকে তিনটি হলের দায়িত্ব ভাগ করে দেয়া হয়েছে। কিন্তু গতকাল পর্যন্ত কেন্দ্রীয়ভাবে ছাত্রলীগ নেতাদের এভাবে কোন দায়িত্ব বন্টন করে দেয়া হয়নি। তবে ছাত্রলীগ সাধারণ সম্পাদক অজয়কর খোকন সোমবার মধুর ক্যান্টিনে হল পর্যায়ের নেতাদের নির্দেশ দিয়ে বলেছেন, নিজেদের ভিতরে যেন কোন মিরজাফর না থাকে সেটির প্রতি সর্বোচ্চ সতর্ক দৃষ্টি রাখতে হবে।